

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

হিমইয়ারী শাসকদের নিকটে প্রেরিত পত্র (الكتاب إلى ملوك حمير)

জারীর বিন আব্দুল্লাহ বাজালীকে যুল-কালা'(ذُو الْكَلاَع) হিমইয়ারী ও যু-'আমরের নিকটে পাঠানো হয়। তারা উভয়ে ইসলাম কবুল করেন। অতঃপর জারীর বিন আব্দুল্লাহ সেখানে থাকা অবস্থায় রাসূল (ছাঃ) মৃত্যুবরণ করেন (যাদুল মা'আদ ১/১১৯)।

এভাবে তৎকালীন বিশ্বের ক্ষমতাধর অধিকাংশ রাজা-বাদশাহর নিকটে পত্রের মাধ্যমে আল্লাহর রাসূল (ছাঃ) ইসলামের দাওয়াত পৌঁছে দেন। দু'একজন বাদে প্রায় সকলেই তাঁর দাওয়াত কবুল করেছিলেন। যারা অস্বীকার করেছিল, তাদের কাছেও শেষনবী (ছাঃ) ও ইসলাম পরিচিতি লাভ করে। এভাবে ইসলাম সার্বজনীন ও বিশ্বধর্মে পরিণত হয়।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5535

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন